

ড.কানাইলাল ভট্টাচার্য কলেজ

রামরাজাতলা, হাওড়া-৪

B.A. / B.Sc. / B.Com. (Honours & General)
Semester-I College Internal Evaluation, 2021

ছাত্রছাত্রীদের জন্য নিয়মাবলী

১. প্রত্যেক দিন যে বিষয়ে পরীক্ষা সেই বিষয়ের প্রশ্নপত্র পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট আগে কলেজ ওয়েবসাইটে দেওয়া হবে।

২. পরীক্ষা রুটিনের সময় অনুযায়ী হবে। পরীক্ষার শেষ হবার ১ ঘন্টার মধ্যে উত্তরপত্র নির্দিষ্ট Google Form-এ Subject ভিত্তিক Submit করতে হবে।

- যদি ছাত্রছাত্রীদের পরীক্ষা দুপুর ১ টায় শেষ হয় তাহলে অনলাইনে খাতা জমা দেওয়ার সময় বেলা ২টো পর্যন্ত থাকবে।

★বিষয় ভিত্তিক Google Form পরীক্ষার দিনে কলেজ ওয়েবসাইটে Answer Scripts Submission Menu-তে Link দেওয়া থাকবে কলেজের ওয়েবসাইট★

★কলেজের ওয়েবসাইট www.drklbcollege.ac.in★

Online-এ উত্তরপত্র জমা দেবার ক্ষেত্রে নির্ধারিত সময়ের অতিরিক্ত সময়

মঞ্জুর করা হবে না, এ বিষয়ে কোনও রকম আবেদন গৃহীত হবেনা।

★অনলাইনে সম্পূর্ণ ভাবে উত্তর পত্র গৃহীত হবে।

অফলাইনের মাধ্যমে কোনও রকম উত্তর পত্র গৃহীত

হবেনা।★

৩. প্রত্যেক ছাত্রছাত্রীকে A4 কাগজে পরীক্ষা দিতে হবে এবং পৃষ্ঠার এক দিকেই লিখতে হবে। একদম প্রথম পৃষ্ঠায় শুধুমাত্র তোমার :-

ক) কলেজের রোলনম্বর।

খ) কলেজের আই-ডি নম্বর। (ভর্তির ফর্মনম্বরই কলেজের আই-ডি নম্বর)

গ) কোন বিষয়ের পরীক্ষা।

ঘ) কোন সেমেস্টারের পরীক্ষা।

ঙ) পেপার নম্বর এবং যদি কোনও মডিউল বা গ্রুপ থাকে সেটাও লিখতে হবে।

চ) পরীক্ষার তারিখ।

উপরোক্ত তথ্য গুলি দিতে হবে। এই পৃষ্ঠাটি খাতা জমা দেওয়ার সময় সবার উপরে দিতে হবে। এই পৃষ্ঠায় আর অন্য কিছু লিখবে না।

যে সকল পৃষ্ঠায় তুমি লিখবে সেই সকল পৃষ্ঠার উপরে কলেজের রোলনম্বর, কলেজের আই-ডি নম্বর, পরীক্ষার তারিখ এবং পৃষ্ঠা নম্বর লিখতে হবে।

৪. বিষয় ভিত্তিক Google Form-এ Answer Script পাঠাতে হলে তোমাকে তোমার পরীক্ষার খাতা PDF করে পাঠাতে হবে। সেই PDF টা যেন একটাই PDF হয় এবং 25MB -এর মধ্যে রাখতে হবে। এবং PDF করার সময় দেখে নেবে যেন লেখা গুলো পরিষ্কার করে বোঝা যায়।

৫. PDF File -এর নাম হবে নির্দিষ্ট Format -এ। সেটি হল Date-Subject-Paper-College Roll No.pdf।

B.A./B.Sc./B.Com. (Honours) সকলের ক্ষেত্রেই একই নিয়ম প্রযোজ্য।

যেমন, 18th December-এ Bengali Honours-এর CC-1 এর পরীক্ষা হল এবং পরীক্ষার্থীর College Roll No.- 1210001 তাহলে সে তার PDF File -এর নাম দেবে 18-BNGA-CC1-1210001.

জেনারেল ছাত্রছাত্রী দের ক্ষেত্রে PDF File -এর নাম হবে সেটি হল Date-Subject-Paper- CU Roll No.pdf. CU Roll No.- সম্পূর্ণ একটানা লিখতে হবে, কোনও গ্যাপ দিলে হবে না।

B.A./B.Sc./B.Com. (General) সকলের ক্ষেত্রেই একই নিয়ম প্রযোজ্য।

যেমন, 20th December-এ Philosophy-এর CC1/GE1-এর পরীক্ষা হল এবং পরীক্ষার্থীর College Roll No.- 1210001 তাহলে সে তার PDF File -এর নাম দেবে 20-PHIG-CC1-GE1-1210001.

Commerce-এর ছাত্রছাত্রীদেরও তাদের সম্পূর্ণ পেপারের নাম লিখতে হবে।

যদি, কোনও Honours- এর ছাত্র বা ছাত্রীর 22nd December-এ Financial Accounting-I এর পরীক্ষা হল এবং পরীক্ষার্থীর College Roll No.- 1210001 তাহলে সে তার PDF File -এর নাম দেবে 22-B.Com.-H-Financial Accounting-I-1210001.

যদি, কোনও General- এর ছাত্র বা ছাত্রীর 22nd December-এ Financial Accounting-I এর পরীক্ষা হল এবং পরীক্ষার্থীর College Roll No.- 1210001 তাহলে সে তার PDF File -এর নাম দেবে 22-B.Com.-G-Financial Accounting-I-1210001.

অধ্যক্ষ,

ড. কানাইলাল ভট্টাচার্য কলেজ